

তারিখঃ ০৫/০৭/২০২২ (পৃঃ ০৩)



একনজরে ধান চাষ, মাড়াই ও ঘরে তোলা

গাজীপুর রাইস মিউজিয়াম

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে দেশে প্রথম বারের মতো স্থাপন করা হয়েছে একটি রাইস মিউজিয়াম। দেশ বিদেশ থেকে আসা শিক্ষার্থী ও গবেষকরা এ মিউজিয়ামে এসে ধান সম্পর্কে স্বচ্ছ ধারণা নিয়ে যাচ্ছেন। দেশে উদ্ভাবিত বিভিন্ন জাতের ধানসমূহ তারা দেখতে পারছেন। সনাতন আমলের ধান চাষ থেকে শুরু করে আধুনিক যুগের ধান চাষ, পরিচর্যা, মাড়াই পর্ব পার করে ঘরে তোলা পর্যন্ত যেসব উপকরণ ব্যবহার করা হয় সেগুলো প্রদর্শনের জন্য রাখা হয়েছে। ২০১৮ সাল থেকে এ রাইস মিউজিয়াম স্থাপনের কাজ শুরু করা হয় আর এর উদ্বোধন করা হয় চলতি বছর ১২ মার্চ।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের সিনিয়র লিয়াজোর্স অফিসার এবং মিউজিয়াম প্রকল্পের পরিচালক মোহাম্মদ আব্দুল মোমিন বলেন, ব্রি উদ্ভাবিত জাত ও প্রযুক্তি প্রদর্শনীর জন্য একটি মিউজিয়াম প্রতিষ্ঠা করা হয়। এসব জাত ও প্রযুক্তি প্রদর্শনীর জন্য ১৫টি সেলফ স্থাপন করা হয়েছে। জাত ও প্রযুক্তিগুলোর নমুনা ও রেল্লিকা স্থাপন করা হয়েছে। রাইস মিউজিয়ামে ধান রোপণ থেকে চাল হিসেবে কৃষকের ঘরে তোলা পর্যন্ত সকল প্রক্রিয়াটি ছবির মাধ্যমে তুলে ধরা হয়েছে।

দেশের ধান গবেষণার অতীত ইতিহাস, ঐতিহ্য, ধানভিত্তিক আচার অনুষ্ঠান ও সংস্কৃতি এবং খাদ্য নিরাপত্তায় ব্রি তথা বাংলাদেশ

সরকারের সাফল্য দেশি-বিদেশি পর্যটকদের কাছে সুন্দর ও ফলপ্রসূভাবে তুলে ধরার জন্য ব্রিতে একটি অত্যাধুনিক রাইস মিউজিয়াম স্থাপন করা প্রয়োজন ছিল। এই কর্মসূচিটি বাস্তবায়নের ফলে ব্রিতে একটি রাইস মিউজিয়াম স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে খাদ্য নিরাপত্তায় আমাদের অসামান্য অগ্রগতি এবং ধান সংক্রান্ত অতীত ইতিহাস-ঐতিহ্য এক ছাদের নিচে এনে দেশি-বিদেশি পর্যটকদের কাছে তুলে ধরা সহজ হবে। তিনি আরো জানান, প্রতি বছর লাখ লাখ দেশি-বিদেশি পর্যটক, বিভিন্ন স্কুল কলেজ বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষক-শিক্ষার্থী, দেশের বিভিন্ন অঞ্চল থেকে কৃষকরা ব্রি পরিদর্শনে আসেন।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক মো. শাহজাহান কবির বলেন, কোন দেশের শিল্প, সাহিত্য, অর্থনীতি কিংবা রাজনীতি সবকিছুই নিয়ন্ত্রিত হয় খাদ্য নিরাপত্তা দিয়ে। বিশ্বমানের একটি গবেষণা প্রতিষ্ঠান হিসেবে ১৯৭০ সালের ১ অক্টোবর থেকে গত সাড়ে চার দশকের বেশি সময় ধরে ব্রি এদেশের ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে অসামান্য অবদান রেখে চলেছে। তাই এই দেশের ধান গবেষণার অতীত ইতিহাস, ঐতিহ্য, ধানভিত্তিক আচার অনুষ্ঠান ও সংস্কৃতি এবং খাদ্য নিরাপত্তায় ব্রি তথা বাংলাদেশ সরকারের সাফল্য দেশি-বিদেশি পর্যটকদের কাছে সুন্দর তুলে ধরার জন্য একটি অত্যাধুনিক রাইস মিউজিয়াম স্থাপন করা হয়েছে।